প্রতি মাসে ওমরায় ২০ লাখ বিদেশীকে অনুমতি দেবে সৌদি

চেম্বার ডেস্ক::সৌদি আরবের হজ ও ওমরা মন্ত্রণালয় জানিয়েছে, ৯ আগস্ট থেকে ওমরায় তারা ধাপে ধাপে বিদেশ থেকে আসা যাত্রীদের অনুমতির সংখ্যা বাড়াবে। বর্তমান ৬০ হাজার থেকে ধাপে ধাপে এই সংখ্যা ২০ লাখ পর্যন্ত বাড়ানো হবে।

শনিবার মন্ত্রণালয় থেকে প্রকাশিত এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়।

এদিকে মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানিয়েছেন, ওমরার আবেদনের জন্য বিদেশীদের অবশ্যই সৌদি আরবে অনুমোদিত করোনাভাইরাস সংক্রমণরোধী টিকা গ্রহণের সার্টিফিকেট প্রদর্শন করতে হবে।

সৌদি আরবে করোনাভাইরাস সংক্রমণ রোধে ফাইজার-বায়োএনটেক, অক্সফোর্ড-অ্যাসট্রাজেনেকা, মর্ডানা, জনসন অ্যান্ড জনসন ও সিনোভ্যাকের অনুমোদন রয়েছে।

বিবৃতিতে হজ ও ওমরা উপমন্ত্রী আবদুল ফাত্তাহ বিন সুলাইমান মাশাত বলেন. মন্ত্রণালয় বর্তমানে ওমরা পালনকারীদের পুরো যাত্রায় নিরাপত্তা, সুরক্ষা ও সুস্থতা বজায় রাখতে ওমরার মৌসুম শুরুর আগেই যথাযথ প্রক্রিয়া সম্পন্ন ও নিরাপদ পরিবেশ তৈরিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সমন্বয়ে কাজ করছে।

এই লক্ষ্যে ওমরায় সবসময়ই নিরাপদ শারীরিক দূরত্ব মেনে চলতে হবে। অন্যদিকে সৌদি আরবে আসার পর বিদেশী ওমরা পালনকারীদের নির্দিষ্ট সময়ের কোয়ারেন্টিন প্রক্রিয়া মেনে চলতে হবে।

সূত্র : গালফ টুডে